

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কাযালয়  
অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর  
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

১২ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নং-২৫.৪৬.০০০০.০০১.০৬.১৫৯.১৬-৩৪৭

তারিখ:-----।

২৭ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

বরাবর

সচিব

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব(প্রশাসন-৩), গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

বিষয়: **জুলাই, ২০১৮ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

সূত্র: ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০২.১৬(অংশ-১)-৭৫৫, তারিখ: ২০/০৮/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত সূত্রস্মারক ও বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

সূত্রস্মারকের প্রাপ্ত পত্রের মর্মানুসারে জানানো যাচ্ছে যে, সচিব মহোদয়ের সভাপতিত্বে ৩১-০৭-২০১৮ খ্রি: তারিখ অনুষ্ঠিত সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণীর আলোকে গৃহীত সিদ্ধান্তসমূহের যথাযথ পর্যালোচনায় এই কাযালয়ের জন্য প্রয়োজ্য কার্যক্রমসমূহের অগ্রগতি প্রতিবেদন নিম্নোক্ত ছকে উল্লেখ করা হলো:-

সিদ্ধান্তের ক্রমিক নং	সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
২.১	বিভিন্ন অনিষ্পন্ন বিষয়।	এ পরিদপ্তরের একজন জ্যেষ্ঠ সুপারিনটেনডেন্ট কে সহকারী পরিচালক পদে চলতি দায়িত্ব প্রদানের স্মারক নং-২৫.৪৬.০০০০.০০১.১২.১০৯.০৭-৫০৮, তারিখ: ১৭/১০/২০১৭ খ্রি: মাধ্যমে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
২.২	প্রাক সমন্বয় সভা অনুষ্ঠান।	প্রাক-সমন্বয় সভা করা হয়েছে।
২.৭	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক স্থায়ী অডিট কমিটির সভা ও পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর সভাপতিত্বে দ্বি-পক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে ও বিভিন্ন গণপূর্ত দপ্তর/জাগৃক দপ্তর/সংস্থাসমূহ হতে প্রাপ্ত ব্রডসীট জবাবের প্রেক্ষিতে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে।
২.৮	মামলা সংক্রান্ত তথ্য।	সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ এর পরিপন্থী কাজের জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ কর্তৃক জনাব সুরাইয়া বেগম, ষাঁট-মুদ্রাক্ষরিককে ৩০/০৩/২০১০ খ্রি: তারিখ হতে বাধ্যতামূলক অবসরের রায় প্রদান করা হয়। উক্ত রায়ের বিপরীতে সংশ্লিষ্ট কর্মচারী প্রশাসনিক ট্রাইব্যুনালে আপীল করেন। যাহার আপীল নং-এ.টি ২৪১/২০১৪ খ্রি:। সংশ্লিষ্ট কর্মচারীর দায়েরকৃত আপীল ২১/০৩/২০১৭ খ্রি: তারিখ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক খারিজ করা হয়। সংশ্লিষ্ট কর্মচারী জনাব সুরাইয়া বেগম আপীল খারিজের বিষয়ে পরবর্তীতে কি পদক্ষেপ গ্রহণ করবেন/করেছেন তা জানা যায়নি।
২.৯	শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।	শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অত্র দপ্তরের দপ্তর প্রধানের সভাপতিত্বে প্রতি ০৩ মাস পর নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। ইহার ধারাবাহিকতায় বিগত ০৫/০৭/২০১৮ খ্রি: তারিখে এ পরিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক কমিটির সভাপতি অত্র দপ্তরের দপ্তর প্রধানের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। উল্লেখ্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ধারাবাহিকতায় কাযালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রম ইতিমধ্যে বাস্তবায়ন করা হয়েছে।
২.১০	Annual Performance Agreement (APA) বাস্তবায়ন।	২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্মারক নং-২৫.৪৬.০০০০.০০১.১৮.৩১৪.১৬-২৮১, তারিখ: ০৮/০৭/২০১৮ খ্রি: মাধ্যমে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয়ের সূত্রস্মারক নং- ২৫.০০.০০০০.০১.২৭.০২৩.১৭.১৬৮, তারিখ: ০৬-০৫-২০১৮ খ্রি: এর চাহিদার প্রেক্ষিতে ২০১৮-১৯ অর্থ বছরের ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের নিমিত্তে স্মারক নং-২৫.৪৬.০০০০.০০১.১৮.৩১৪.১৬-২৪৫, তারিখ: ১৯/০৬/২০১৮ খ্রি: মাধ্যমে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নপূর্বক সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। যা ২৪/০৬/২০১৮ খ্রি তারিখে সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত হয়েছে।
২.১১	ই-সেবা কার্যক্রম	ই-সেবা কার্যক্রমের আওতায় ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে।
২.১৩	প্রধানমন্ত্রীর কাযালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এর চাহিত প্রতিবেদন প্রেরণ।	প্রধানমন্ত্রীর কাযালয়, মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদার প্রেক্ষিতে অত্র দপ্তরের প্রতিবেদন বার্তা বাহক মারফত গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয় এবং <b>Soft Copy</b> ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করা হয়।

এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(মুহাম্মদ শরীফ কামাল চৌধুরী)

পরিচালক

ফোন: ৯৫১২৩২২

e-mail: [doiamohpw@gmail.com](mailto:doiamohpw@gmail.com)